

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৩০: আল্লাহ্র অলী হওয়ার বিষয়টি কি শুধু কতিপয় মুমিনের সাথে নির্দিষ্ট নাকি সকল মুমিনের ক্ষেত্রেই তা সম্ভব?

প্রত্যেক প্রকৃত মুমিন-মুত্তাকী ব্যক্তিই আল্লাহ্র অলী। মহান আল্লাহ বলেন,

﴿ أَلَاۤ إِنَّ أُواَلِيَآءَ ٱللَّهِ لَا خَوافٌ عَلَياهِمِا وَلَا هُما يَحازَنُونَ ٦٢ ٱلَّذِينَ ءَامَنُواْ وَكَانُواْ يَتَّقُونَ ٦٣ ﴾ [يونس: ٦٢،

"মনে রেখো, যারা আল্লাহ্র অলী, তাদের কোন ভয় নেই এবং তারা চিন্তিতও হবে না। তারা হচ্ছে, যারা ঈমান এনেছে এবং তারুওয়া অর্জন করেছে" (ইউনুস ৬২-৬৩)। আর তারুওয়া হচ্ছে, আল্লাহ এবং তাঁর রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর যাবতীয় আদেশ-নিষেধ মেনে চলা। অতএব, আল্লাহ্র অলী হওয়ার বিষয়টি সকল মুমিন নর-নারীর জন্য উন্মুক্ত; বিশেষ কারো জন্য তা নির্দিষ্ট নয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=1515

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন